

## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

অর্থস্বর্ণ আদালত আইন, ২০০৩ এর ৩৩ (১) ধারা মোতাবেক  
বিজ্ঞ যুগ্ম জেলা জজ ১ম আদালত, গাজীপুর।

অর্থজারী মোকদ্দমা নং-০৯/২০২৩

সোনালী ব্যাংক লিমিটেড একটি বানিজ্যিক ব্যাংক প্রতিষ্ঠান যাহা রাষ্ট্রপতির ১৯৭২ সনের ২৬ নং অর্ডার অনুযায়ী প্রতিষ্ঠিত একটি রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংক এবং তৎপরবর্তী ১৯৯৪ ইং সনের কোম্পানী আইন অনুযায়ী নিবন্ধিত ও ১৯৯১ সনের ব্যাংক আইন অনুযায়ী পরিচালিত একটি লিমিটেড কোম্পানী এবং যাহা ৩রা জুন, ২০০৭ তারিখে জয়েন্ট স্টক কোম্পানী কর্তৃক ইস্যুকৃত সার্টিফিকেট অব ইন কর্পোরেশন নং-সি ৬৭১১৩ (৪৬০৫১)/০৭ এর মাধ্যমে পাবলিক লিমিটেড কোম্পানীতে রূপান্তরিত হয় এবং ১৫ নভেম্বর, ২০০৭ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয় ও সোনালী ব্যাংক লিমিটেড এর মধ্যে স্বাক্ষরিত ভেভারস এগ্রিমেন্ট এর মাধ্যমে সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক হিসাবে তার কার্যক্রম পরিচালনা শুরু করে। যাহা প্রধান কার্যালয় ৩৫-৪৪, মতিঝিল বানিজ্যিক এলাকা ঢাকায় অবস্থিত। যাহার শাখা বাংলাদেশের সর্বত্র আছে এবং যাহার একটি শাখা স্থানীয় কার্যালয়, মতিঝিল, ঢাকা নামে পরিচালিত পক্ষে ডেপুটি জেলায়াল ম্যানেজার।

.....ডিক্রীদার।

### -বনাম-

- ১। মেসার্স শিকল টেক্সটাইলস লিমিটেড, যাহার ব্যবস্থাপনা পরিচালক মোঃ সিরাজুল ইসলাম, অফিসের ঠিকানা- সিটি হার্ট বিল্ডিং (১৩ তলা), ১৩/১বি, ৬৭ নয়াপল্টন, ঢাকা প্রকল্পের ঠিকানা- কেওয়া (মাদ্রাসা রোড), শ্রীপুর, গাজীপুর।
- ২। জনাব মোঃ সিরাজুল ইসলাম, পিতা- আলহাজ্ব আবদুল আজিজ, ব্যবস্থাপনা পরিচালক- মেসার্স শিকল টেক্সটাইলস লিমিটেড, সাং- সিটি হার্ট বিল্ডিং (১৩ তলা), ১৩/১বি, ৬৭, নয়াপল্টন, ঢাকা। স্থায়ী ঠিকানা- গ্রাম- রশিদ ভূঁইয়ার বাড়ী, লক্ষ্মিমানিকা, পোষ্ট- গোবিন্দপুর, থানা- মেঘনা, জেলা- কুমিল্লা।
- ৩। জনাব মোঃ হাবিবুর রহমান, পিতা- মৃত মোঃ আশরাফ আলী মিয়া, পরিচালক- মেসার্স শিকল টেক্সটাইলস লিমিটেড, সাং- বাসা নং- ০৯, রোড নং- ০১, মিরপুর- ৬বি, মিরপুর, ঢাকা- ১২১৬। স্থায়ী ঠিকানা- গ্রাম- নাইকনীবাড়ী, পোষ্ট- মিরিকপুর, থানা- বাসাইল, জেলা- টাংগাইল।
- ৪। জনাব মোঃ শরীফুল ইসলাম, পিতা- আলহাজ্ব আবদুল খালেক সরকার, পরিচালক- মেসার্স শিকল টেক্সটাইলস লিমিটেড, স্থায়ী ঠিকানা- গ্রাম- ঢাকারগাঁও, পোষ্ট- হাসানপুর কলেজ, থানা- দাউদকান্দী, জেলা- কুমিল্লা।

.....দায়িকগন।

এতদ্বারা ডিক্রীদারের প্রাপ্য ৪১,০৭,২৩,৩৬৪/- (একচল্লিশ কোটি সাত লক্ষ তেইশ হাজার তিনশত চৌষষ্ঠি) টাকা আদায়ের নিমিত্তে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য অগ্রহী নিলাম ক্রেতাদেরকে অত্র বিজ্ঞপ্তিসহ তাহাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা প্রদত্ত দর অংকে ও কথায় জামানতের বিবরণ লিখিয়া সহ স্বাক্ষরিত সীল মোহরকৃত টেন্ডার আহবান করা যাইতেছে। আগামী ২৪/১০/২৪..... ইং তারিখে বেলা ১২.০০ ঘটিকার মধ্যে নিলাম ক্রয়ে ইচ্ছুক প্রত্যেক দর দাতাকে জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আদালতের অনুকূলে দরপত্রের সহিত রেজিস্ট্রী ডাকযোগে অথবা অফিসে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করিতে হইবে। উক্ত দিবসে উপস্থিত দর দাতাদের সম্মুখে দরপত্র খোলা হইবে। সর্বোচ্চ দর গ্রহণের বিষয়টি আদালতের বিবেচনা সাপেক্ষে।

### শর্তাবলীঃ

১. আগামী ২৪/১০/২৪..... ইং তারিখে বেলা ১২.০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিস্ট্রী ডাকযোগে অত্র আদালতে রক্ষিত দরপত্র গ্রহণের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।
২. নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম দর পত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর যদি থাকে প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিলমোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর “সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র” লিখে দাখিল করতে হবে।
৩. নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হইবে।
৪. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ২০%, উদ্ধৃত দর-১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব- ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সম পরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার যুগ্ম জেলা জজ ১ম আদালত, গাজীপুর এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হইবে।

